

PRINT

# সমকাল

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

## শিক্ষার্থীকে হলের কক্ষ থেকে বের করে দিলেন ছাত্রলীগ নেতা

১০ ঘণ্টা আগে

### বাকুবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ নেতার বিরুদ্ধে এক শিক্ষার্থীকে হলের কক্ষ থেকে বের করে দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। ওই ঘটনায় শাহজালাল হলের ভুক্তভোগী শিক্ষার্থী রাসেল হাসান প্রভোস্ট বরাবর হল শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক নাজমুল হাসান শাকিলের বিরুদ্ধে লিখিত অভিযোগ করেন।

লিখিত অভিযোগে রাসেল বলেন, 'আমি শাহজালাল হলের আবাসিক ছাত্র। ১০৯ নং কক্ষে আট মাস ধরে অবস্থান করছি। কয়েক দিন ধরে ছাত্রলীগের নেতাকর্মীরা আমিসহ আমার রুমমেটদের ওপর নানাভাবে মানসিক নির্যাতন চালাচ্ছে। আজ সকালে হঠাৎ করেই হল শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক নাজমুল হাসান শাকিল লাঠি নিয়ে মারতে আসেন এবং একপর্যায়ে জিনিসপত্র কক্ষ থেকে করে দেন। পরে আমার সিটে অন্য হলের এক শিক্ষার্থীকে থাকতে দেন। আর আমাকে প্রভোস্টের কাছ থেকে সিট নিতে বলেন। ছাত্রলীগ নেতা নাজমুল হাসান শাকিল বলেন, হলে সিট সংকট থাকায় রাসেলের কক্ষে আরও এক শিক্ষার্থীকে সিট দেওয়া হয়েছে।

হল শাখা ছাত্রলীগের সভাপতি আবু সাইদ বলেন, 'হলের সিট বণ্টন করে প্রশাসন। সে একজন শিক্ষার্থীকে কক্ষ থেকে বের করে দেওয়ার কেউ নয়।' প্রভোস্ট অধ্যাপক ড. গোপাল দাস বলেন, লিখিত অভিযোগ পেয়েছি। প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।'

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন)। ইমেইল:  
ad.samakalonline@outlook.com